# আসিফ নজরুলের সিদ্ধান্তেই বিশ্বকাপে যায়নি বাংলাদেশ: তদন্ত কমিটি



ছবি: সংগৃহীত

২০২৬ টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশের অংশ না নেওয়ার জন্য তৎকালীন যুব ও ক্রীড়া উপদেষ্টা ড. আসিফ নজরুলের সিদ্ধান্তকে দায়ী করেছে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের তদন্ত কমিটি। প্রতিবেদনে বলা হয়েছে, ওই সিদ্ধান্তে বিসিবিরও সম্মতি ছিল।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সংবাদ সম্মেলনে তিন সদস্যের কমিটি তদন্ত প্রতিবেদন প্রকাশ করে। কমিটির আহ্বায়ক ছিলেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. এ কে এম অলি উল্যাহ। সদস্য ছিলেন জাতীয় দলের সাবেক অধিনায়ক ও প্রধান নির্বাচক হাবিবুল বাশার সুমন এবং আইনজীবী ও ক্রীড়া সংগঠক ব্যারিস্টার ফয়সাল দস্তগীর।

ফয়সাল দস্তগীর বলেন, ব্যক্তি হিসেবে বিশ্বকাপে বাংলাদেশ দলকে না পাঠানোর জন্য আসিফ নজরুল দায়ী। এর দায় তৎকালীন অন্তর্বর্তী সরকারের ওপরও বর্তায়।

নিরাপত্তার কারণ দেখিয়ে ভারত থেকে বাংলাদেশের ম্যাচগুলো শ্রীলঙ্কায় সরিয়ে নিতে আইসিসির কাছে আবেদন করেছিল বিসিবি। তবে আইসিসি সেই অনুরোধ প্রত্যাখ্যান করলে শেষ পর্যন্ত বাংলাদেশ টুর্নামেন্ট থেকে সরে যায়। পরে বাংলাদেশের পরিবর্তে বিশ্বকাপে খেলে স্কটল্যান্ড।

তদন্ত কমিটি জানিয়েছে, বিশ্বকাপে অংশ নিতে বাংলাদেশ দলের খেলোয়াড়রা শতভাগ প্রস্তুত ছিলেন। খেলোয়াড়দের অনাগ্রহের কারণে দলটি সরে দাঁড়ায়নি।

এর আগে ভারতে মোস্তাফিজুর রহমানকে কলকাতা নাইট রাইডার্স থেকে বাদ দেওয়ার ঘটনায় নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হলে আসিফ নজরুল ভারতে বিশ্বকাপ না খেলার অবস্থান জানান। পরে তিনি দাবি করেছিলেন, সিদ্ধান্তটি শুধু তার একার ছিল না।

বিষয়টি নিয়ে বিতর্কের পর মে মাসে তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। চার মাসের বেশি সময় পর মঙ্গলবার প্রতিবেদন প্রকাশ করা হলো।